

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪১৩৯

পর্ব-২০: শিকার ও যাবাহ প্রসঙ্গে (كتاب الصيد والذبائح)

পরিচ্ছেদঃ ২. দ্বিতীয় অনুচ্ছেদ - যেসব প্রাণী খাওয়া হালাল ও হারাম

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَا سَأَلْمَنَاهُمْ مُنْذُ حَارَبَنَا هُمْ وَمَنْ تَرَكَ شَيْئًا مِنْهُمْ خِفَةً فَلَيْسَ مَنَّا». رَوَاهُ أَبُو دَاؤِدُ

বাংলা

৪১৩৯-[৩৬] আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যখন হতে আমরা তাদের (সাপের) সঙ্গে লড়াই করা আরম্ভ করেছি, তখন হতে আমরা আর কখনও তাদের সাথে আপোষ করিনি। তখন যে ব্যক্তি ভয়ে তাদেরকে ছেড়ে দেয়, সে আমাদের দলের অন্তর্ভুক্ত নয়। (আবু দাউদ)[১]

ফুটনোট

[১] হাসান সহীহ : আবু দাউদ ৫২৪৮, সহীহ ইবনু হিবান ৫৬৪৪, সহীহ আত্ম তারগীব ওয়াত্ম তারহীব ২৯৮৩, আল মু'জামুল কাবীর লিত্ব ত্বারানী ১০৮৭, আল মু'জামুল আওসাত্ত ৬২২৩।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ অর্থাৎ যেদিন থেকে আমাদের ও তাদের (সাপের) মাঝে যুদ্ধ সংঘটিত হয়েছে। কারণ সাপ এবং মানুষের মাঝে শক্রতা ও যুদ্ধ অনেক কঠিন। কেননা উভয়ই একে অপরকে হত্যা করার সুযোগ সন্ধানে থাকে। কেউ কেউ বলেন, আদম এবং সাপের মাঝের শক্রতার ব্যাপারে যা বলা যায়, তা হলো ইবলীস জান্নাতে প্রবেশ করতে চাইলে জান্নাতের প্রহরী তাকে বাধা দেয়। সাপ তাকে মুখে বহন করে জান্নাতে প্রবেশ করায় এবং সে (ইবলীস) আদম (আ.) ও হাওয়া (আ.)-কে নিষিদ্ধ গাছের ফল খাওয়াতে প্ররোচিত করে। অতঃপর তাদের দু'জনকেই জান্নাত থেকে বের করে দেয়। ('আওনুল মা'বুদ ৮ম খন্দ, হাঃ ৫২৩৯)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=74862>

৬ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন